৭

# উপজেলা পরিষদ
## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩২ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ৩০/১২/২০২১ খ্রিস্টাব্দ, সকাল- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। বিগত ৩০/১১/২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, ইতোমধ্যে রোপা আমন ধান শতভাগ কর্তন শেষ হয়েছে। এবার প্রণোদনার আওতায় ৪০৬৫ কৃষকদের মাঝে সার ও বীজ সুষ্ঠুভাবে বিতরণ করা শেষ হয়েছে। বর্তমানে রবি মৌসুমের বোঁরো আবাদের ৫৯৭০ হেক্টর জমিতে রোপনের জন্য শতভাগ বোরো বীজতলা তৈরী শেষ হয়েছে। আগামী মাসের মধ্যেই শতভাগ বোরো ধান রোপন শেষ হবে বলে আশা করছি। অন্যান্য প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এবার সরিষার আবাদ লক্ষমাত্রার চেয়ে বেশি হয়েছে এবং ফলনও ভালো হবে বলে আশা করছি। উপজেলা কৃষি অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা মাঠ পর্যায়ে সর্বদা উপস্থিত থেকে কৃষকদের মাঠ ফসলের সমস্যার সমাধান/পরামর্শ দিয়ে যাচ্ছে। | উপজেলা কৃষি অফিসার কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং উপজেলাধীন অনাবাদী জমিগুলো আবাদের আওতায় আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের প্রথম কিস্তির বরাদ্দের সমপরিমান ধরে বাকি তিন কিস্তির বরাদ্দের অনুকূলে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। প্রকল্পসমূহ নীতিমালা ও খাত ওয়ারি গ্রহণ করা হবে। অন্যান্য কাজ চলমান রয়েছে। | আলোচ্য বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, আগামী ৩১ জানুয়ারী/২০২২ পশ্চিম ইসলামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচনের সকল প্রস্তুতি চলছে। উপজেলা প্রশাসনসহ সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও নবাগত চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | পশ্চিম ইসলামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনের কেন্দ্রগুলো পরিদর্শন পূর্বক নজরদারিতে রাখতে হবে এবং বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবকদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। স্থানীয় চাহিদার ভিত্তিতে ৩০ জনের ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক বেকার যুবকদের প্রতিটি ইউনিয়নে অন্তত ৩০ জনের ০২টি ব্যাচ প্রশিক্ষণ প্রদানের জন্য মনোনয়ন পূর্বক তালিকা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। ইতিমধ্যে ডিসেম্বর/২১ মাসে পর্যন্ত ৮টি ব্যাচে সর্বমোট ২৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চলতি অর্থ বছরে অত্র উপজেলার যুব উন্নয়নের প্রশিক্ষিত প্রকল্প গ্রহণকারী যুবদের ৩০ জনকে যুব ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়েছে। নভেম্বর/২০২১ মাস পর্যন্ত ১০ জনকে ঋণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২০ জনকে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ প্রদান করা হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ঋণ বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | উপর্জেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

শামীম আহমদ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্তের হার আবারো বৃদ্ধি পাচ্ছে। যারা ভ্যাকসিন গ্রহণ করেননি তাদের রেজিস্ট্রেশন করতে হবে। ইউপি চেয়ারম্যানগণ উদ্দ্যোক্তাদের মাধ্যমে গ্রামের লোকজনদের সুরক্ষা অ্যাপে রেজিস্ট্রেশন করতে পারে। সবাইকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। হাসপাতালে দালালদের উৎপাত বন্ধে ব্যবস্থা গ্রহণ করতে তিনি অনুরোধ করেন। | কোভিড-১৯ প্রতিরোধ সবাইকে ভ্যাকসিন নিতে হবে। গ্রামের মানুষগুলোকে ভ্যাকসিনের আওতায় আনতে ইউপি চেয়ারম্যানগণ উদ্যোক্তাদের মাধ্যমে তাদেরকে রেজিস্ট্রেশন করাবেন এবং হাসপাতালে দালালদের চিহ্নিত করে একটি তালিকা প্রস্তুত করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-২৮২০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-২৪৫০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১২৫০টি, হাঁস মুরগীর চিকিৎসা-৮৭০০টি, ডিম উৎপাদন-১১০০০টি, রাজস্ব আয়- ১০২৭৫/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ২০০০টি , ঘাস উৎপাদন ৬০ শতক । আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/-(তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, আগামী ০২ জানুয়ারি/২০২২ জাতীয় সমাজসেবা দিবস অত্র উপজেলায় উদযাপিত হবে। মুজিববর্ষ উপলক্ষে সুদ মুক্ত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ ১৪ ডিসেম্বর হতে ২১ ডিসেম্বর সফলভাবে উদযাপিত হয়েছে। অত্র সপ্তাহে অনাদায়ী ১ লক্ষ ৩৭ হাজার টাকা আদায় করা হয়েছে। | তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে সকল ভাতা বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ, শ্রেণিকক্ষ সম্প্রসারণ ও সীমানা প্রাচীর নির্মাণ কার্যক্রম শুরু করার পূর্বে নির্মাণ কাজের প্রাক্কলন বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট হস্তান্তর করার জন্য এবং উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। যাতে কাজের গুণগত মান নিশ্চিত করণে যথাযত তদারকি করা যায়।<br><br>২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক ও গভীর এবং অগভীর/নলকুপ স্থাপন করার পূর্বে কাজের প্রাক্কলন বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট হস্তান্তর এবং উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করার জন্য জনস্বাস্থ্য উপ-সহকারি প্রকৌশলীকে অনুরোধ জানান এবং অত্র উপজেলায় সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ২০২২ সালের নতুন পাঠ্যপুস্তক প্রদান করা হয়েছে। আগামী ০১/০১/২০২২ তারিখে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর নিকট স্বাস্থ্য সচেতনতা বজায় রেখে পাঠ্য পুস্তক তুলে দেয়া হবে। তবে এ বছর কোন বই উৎসব হবে না। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ, শ্রেণিকক্ষ সম্প্রসারণ ও সীমানা প্রাচীর নির্মাণ কাজের প্রাক্কলন বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন উপজেলা প্রকৌশলী।<br>২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক ও গভীর এবং অগভীর/নলকুপ স্থাপন করার পূর্বে কাজের প্রাক্কলন বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন জনস্বাস্থ্য সহকারী প্রকৌশলী। | উপজেলা প্রকৌশলী/ জনস্বাস্থ্য সহকারী প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহিতার হার ৭৫.১৩%। নভেম্বর/২১ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর মধ্যে খাবার বড়ি ৯৮৩ জন, ইনজেকশন ৩৮২ জন, কনডম ১৩৫ জন। আইইউডি ২২ জন, ইমপ্লান্ট ২৭৩ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান যে, বর্তমানে বিল ও জলমহাল থেকে মাছ আহরণ করা হচ্ছে। কোন বিল সম্পূর্ণ শুকিয়ে যেন মাছ আহরণ করা না হয় সেজন্য উপজেলা প্রশাসন এবং পুলিশ বাহিনীর সহযোগিতায় মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা প্রয়োজন। ২০১৭-১৮ অর্থবছরে খননকৃত তেলিখাল-১ এবং তেলিখাল-২ এর ব্যবস্থাপনার জন্য উক্ত জলাশয়ের সুফলভোগীদের অনুকূলে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রদর্শনী স্থাপনের জন্য উপজেলা মৎস্য চাষ ব্যবস্থাপনা কমিটির সভা শীঘ্রই করা হবে। | মৎস্য আইনে কোথাও কোন অভিযান প্রয়োজন হলে সাথে সাথে উপজেলা প্রশাসনকে অবগত করবেন, প্রয়োজন মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনা করা হবে এবং উপজেলা মৎস্য অফিসার বিধিমতে তার দপ্তরের কার্যাদি সম্পাদন করবেন। | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সভাকে জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে মাস্ক পরিধানসহ সকল স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে ভ্যাকসিনের আওতায় নিয়ে আসতে হবে। ভ্যাকসিন নিতে সবাইকে উদ্বুদ্ধ করতে হবে। মহান বিজয় দিবস উদযাপনে সকলের সহযোগিতা ও অংশগ্রহণ পেয়েছি সেজন্য উপজেলাবাসীকে ধন্যবাদ জানাচ্ছি। আগামী ৩১ জানুয়ারি পশ্চিম ইসলামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সকলের সহযোগিতা কামনা করছি। | সরকারের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সভাকে জানান যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, শৃংখলা ও চাকুরীর শর্তাবলি সম্পর্কিত বিধিমালা,২০১৫ এর বিধি মোতাবেক কোম্পানীগঞ্জ উপজেলার ইউনিয়ন পরিষদ সমূহে শুন্য মহল্লাদার (গ্রাম পুলিশ) পদে নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৫.৪৬.৯১২৭.০০৪.৩৪.০৩২.১৫.৮৯২ তারিখ ২২ সেপ্টেম্বর ২০২১ প্রেক্ষিতে বিগত ৩০ নভেম্বর/২০২১ তারিখ শারীরিক ও মৌখিক পরীক্ষা গ্রহন করত: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর স্মারক নং-০৫.০৬.৯১২৭.০০৪.৩৪.০৩২.১৫.১১৮৮(৪০) তারিখ ১৬ অগ্রহায়ন ১৪২৮ বাংলা/০২ ডিসেম্বর/২০২১ খ্রি: মূলে ২৭ (সাতাশ) জন মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগ প্রদান করা হয়েছে। মহল্লাদার নিয়োগের বিষয়ে সভায় অনুমোদন প্রয়োজন। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কোম্পানীগঞ্জ, সিলেট এর স্মারক নং-০৫.৪৬.৯১২৭.০০৪.৩৪.০৩২.১৫.১১৮৮(৪০) তারিখ ১৬ অগ্রহায়ন ১৪২৮ বাংলা/০২ ডিসেম্বর ২০২১ খ্রি: মূলে কোম্পানীগঞ্জ উপজেলার ৫টি ইউনিয়নে ২৭ (সাতাশ) জন মহল্লাদার নিয়োগের বিষয়ে সভায় অনুমোদন দেয়া হলো। | উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ১২৬১(৪৫)

তারিখঃ ৩০ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা......................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান..................................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১১।..............................................কোম্পানীগঞ্জ, সিলেট।

মুসা নাসের চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
কোম্পানীগঞ্জ, সিলেট।

সদস্য:  উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব আয়শা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব ইকবাল হোসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব সাজ্জাদুর রহমান সাজু | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ০৪ | জনাব মো: ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মো: আলমগীর আলম | চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব  জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মো: মিজানুর রহমান | আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা: প্রা:), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | ডা: প্রভাকর রায় | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব মো: পারভেজ খান | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১২ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব মো: জসিম উদ্দিন | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মো: আসাদুজ্জামান | উপ-সহকারি প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি |
| ১৫ | জনাব মোঃ বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ,  সিলেট। |
| ১৬ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব রঞ্জু কুমার সিংহ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব খান মো: সাইফুল হক | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব মৃণাল কান্তি চৌধূরী | ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ২১ | ডা: মো: শরীফুল আলম | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | জনাব মো: আ: রাজ্জাক | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব মো: লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | জনাব মো: আ: রাজ্জাক | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

**পরিশিষ্ট 'খ'  অনুপস্থিতঃ**

১উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩।উপজেলা সমন্বয়কারী, আবাআখা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪।উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫। উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩২তম সভা

তারিখ :- ৩০/১২/২০২১ইং

সময় :-

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১. | আনোয়ারা বেগম ভি | ভাইস চেয়ারম্যান | [illegible] |
| ০২. | মো: ইকবাল হুসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ [illegible] | [illegible] |
| ০৩. | মো: আতাউর রহমান মান্টু | চেয়ারম্যান, [illegible] | [illegible] |
| ০৪. | মো: ফজলুর রহমান | চেয়ারম্যান ৫নং [illegible] ইউ/পি | [illegible] |
| ০৫. | মো: [illegible] | চেয়ারম্যান ২নং [illegible] ইউনিয়ন | [illegible] |
| ০৬. | [illegible] ইয়াসমীন | UFPO [illegible] | [illegible] |
| ০৭. | [illegible] | UEO, [illegible] | ৩০/১২/২১ |
| ০৮. | মো: জহিরুল হক | UEO, [illegible] | ৩০/১২/২১ |
| ০৯. | মো: মিজানুর রহমান | UAVDO ([illegible]) | ৩০/১২/২১ |
| ১০. | Dr. Provakar Roy | Medical officer. পক্ষে UHFPO | 30/12/21 |
| ১১. | মো: পারভেজ খান | SAE, DPHE | ৩০.১২.২১ |
| ১২. | [illegible] রঞ্জন দে | USSO | 30.12.21 |
| ১৩. | মো: [illegible] | [illegible] | ৩০/১২/২০২১ |
| ১৪. | [illegible] | SAE, PIO (Office) | ৩০/১২/২১ |
| ১৫. | [illegible] | [illegible] | [illegible] |
| ১৬. | মো: [illegible] | USEO | [illegible] |
| ১৭. | মো: আব্দুল মান্নান- | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ৩০/১২/২১ |
| ১৮. | [illegible] কুমার সিংহ | OCLSD [illegible] | ৩০/১২/২১ |
| ১৯. | মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য অফিসার | [illegible] |
| ২০. | খান মো: সাইফুল হক | পরিসংখ্যান কর্মকর্তা | ৩০-১২-২১ |
| ২১. | সুনীল কান্তি চৌধুরী | D.G.M. পল্লী বিদ্যুৎ | ৩০/১২/২১ |
| ২২. | ডা: মো: শরিফুল আলম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ৩০/১২/২১ |
| ২৩. | মো: আব্দুর রাজ্জাক | উপজেলা কৃষি অফিসার | [illegible] |
| ২৪. | মো: [illegible] | উপজেলা পরিষদ চেয়ারম্যান | [illegible] |
| ২৫. | মো: [illegible] আলম | উপজেলা নির্বাহী অফিসার | [illegible] |
| ২৬. | | | [illegible] |